[redacted]

‘[redacted]’ [redacted] [redacted] [redacted]

গোপন সূত্রে খবর পেয়ে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক শাহাজালের নেতৃত্বে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যরা শহরের কলেজ মোড়ে তুলা উন্নয়ন বোর্ডের সামনের একটি ফার্নিচারের দোকানে তল্লাশি চালায়, দোকান মালিক শাহজাহান এর উপস্থিতিতে ক্যাশ বাক্স ড্রয়ার থেকে কুড়ি বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।

এ সময় শাহজাহানকে আটক করে নিয়ে যাওয়া হয়। শাজাহান দীর্ঘদিন যাবৎ ফার্নিচারের আড়ালে মাদক ব্যবসা চালিয়ে আসছিল। তার বিরুদ্ধে মামলার প্রস্তুতি চলছে।

মেহেরপুরে এনজিও সমন্বয় কমিটির আলোচনা সভা

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে মেহেরপুর জেলা প্রশাসনের আইসিটি মিলনায়তনে জেলা এনজিও সমন্বয় কমিটির আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার দুপুরে অতিরিক্ত জেলা প্রশাসক মোহাম্মদ তৌফিকুর রহমান এর সভাপতিত্বে আলোচনা সভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মিথিলা দাস, সন্ধানী সংস্থার নির্বাহী পরিচালক আবু জাফর, দারিদ্র বিমোচন সংস্থার কো- অর্ডিনেটর জালাল উদ্দিন, ব্রাকের জেলা ব্যবস্থাপক ফজলুর রহমান, সিডিপির কো-অর্ডিনেটর জন পি বিশ্বাস প্রমুখ।

জীবননগরে ৪২তম বিজ্ঞান ও

প্রযুক্তি সপ্তাহের উদ্বোধন

জীবননগরে ৪২তম বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের উদ্বোধন করা হয়েছে । গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে জীবননগর উপজেলা পরিষদের হলরুমে সপ্তাহ ব্যাপী ৪২ তম বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের উদ্বোধন করা হয়।
জীবননগর উপজেলা নিবাহী অফিসার এস এম মুনিম লিংকনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান হাফিজ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দ্বিনেশ চন্দ্র পাল, প্রাথমিক শিক্ষা অফিসার মোস্তাফিজুর রহমান, উপজেলা সমবায় অফিসার মতেহার হোসেন প্রমুখ।

কুষ্টিয়ায় স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মাঝে অনুদানের চেক বিতরণ

কুষ্টিয়ায় মহিলা বিষয়ক অধিদপ্তরের নিবন্ধনকৃত ১০টি স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মাঝে ৩ লাখ ৭০ হাজার টাকা অনুদানের চেক বিতরণ করা হয়েছে

কুষ্টিয়া জেলা প্রশাসনের সহায়তায় এবং মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক কার্যালয়ের আয়োজনে মঙ্গলবার বিকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আনুষ্ঠানিকভাবে চেক প্রদান করা হয়।

ভার্চুয়াল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা।
এ সময় তিনি বলেন, ‘প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার সবসময় নারীবান্ধব। আওয়ামী লীগ সরকার তৃণমূল পর্যায়ে নারীর ক্ষমতায়ন

নিশ্চিতকরণে কাজ করছে। নারীর ক্ষমতায়ন ও বিভিন্ন সামাজিক উন্নয়নে বাংলাদেশ অসামান্য সাফল্য অর্জন করেছে। এসকল অর্জন ধরে রাখতে জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে ঐক্যবদ্ধ থেকে কাজ করে যেতে হবে।’

স্থানীয় সরকারের উপ-পরিচালক মৃণাল কান্তি দের সভাপতিত্বে এ সময় কুষ্টিয়া জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নুরে সফুরা ফেরদৌস, প্রোগ্রাম অফিসার মর্জিনা খাতুনসহ সকল উপজেলা মহিলা বিষয়ক অফিসার ও সংশ্লিষ্ট এবং মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তা- কর্মচারী এবং বিভিন্ন স্বেচ্ছাসেবী মহিলা সমিতির সদস্যরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।
চেক বিতরণের পূর্বে অতিথিরা স্বেচ্ছাসেবী মহিলা সমিতির বিভিন্ন কার্যক্রম নিয়ে আলোচনা করেন।

দারিদ্রতা জয় করা ১৫ নারীকে সম্মাননা

দারিদ্রের সাথে যুদ্ধ করেই শৈশব আর কৈশর পার করেছে তারা। শৈশব কৈশরের প্রতিটা দিন কাটাতে হয়েছে খেয়ে না খেয়ে। অভাবের সংসারের স্বাস্থ্যসেবা আর শিক্ষা ছিল সোনার হরিণের মতোই। ফলে অভাব অনটনের মধ্যে খুব অল্প বয়সে বিয়ের পিড়িতে বসতে হয়েছে তাদের। তারপরও তাদের সবার চোখেই স্বপ্ন ছিল স্বামীর সংসারে হয়ত সুখের দেখা মিলবে। স্বামীর সংসারে গিয়েও আবার যুদ্ধ সেই দারিদ্রের সাথে। কিন্তু তারা এ যুদ্ধে কেউ হেরে যায়নি। যুদ্ধ জয় করে তারা এখন সবাই স্বাবলম্বী। প্রায় একই রকম গল্প ছিল সবারই। এরকম ১৫ ক্ষুধা জয়ীকে খুঁজে বের করেছে হাঙ্গার ফ্রি ওয়ার্ল্ড নামের একটি সংগঠন। এদের সবার বাড়ি ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বিভিন্ন গ্রামে। তারা বিভিন্ন ক্ষেত্রে টেকসই উন্নয়ন, জৈব চাষ, আত্মকর্মসংস্থান সৃষ্টি, পরিবেশ সুরক্ষা, নারীর ক্ষমতায়ন, যুব উন্নয়ন তথা আর্থ সামাজিক উন্নয়ন এবং ক্ষুধা ও দারিদ্র অবসানে অবদান রেখে চলেছে। ক্ষুধামুক্ত ও দারিদ্রমুক্ত সমাজ বিনির্মাণে এসব নারীদের সম্মননা প্রদান করবে জাপান ভিত্তিক স্বেচ্ছাসেবী সংস্থা হাঙ্গার ফ্রি ওয়ার্ল্ড। বুধবার (২৫ নভেম্বর)

আনুষ্ঠানিকভাবে জেলার কালীগঞ্জ শহরের বলিদাপাস্থ সংগঠনের নিজস্ব কার্যালয়ে সম্মাননা স্বরুপ ক্রেস্ট ও নগদ অর্থ তাদের হাতে তুলে দেওয়া হয়। স্বেচ্ছাসেবী সংস্থা হাঙ্গার ফ্রি ওয়ার্ল্ড প্রতিবছর সমাজের বিভিন্ন ভাবে অবদান রাখায় সম্মাননা স্বরুপ এই পুরস্কার প্রদান করে থাকে। এবার শত বাধা পেরিয়ে ক্ষুধাকে জয় করার জন্য কালীগঞ্জ উপজেলার নিয়ামতপুরের রেনুকা আক্তার, মস্তবাপুরের মারুফা খাতুন ও তহমিনা বেগম, অনুপমপুরের মুন্নি ও জোসনা বেগম, মহেশ্বরচাদার মঞ্জুরা রানী, মল্লিকপুরের স্বপ্না খাতুন ও রুপভান বেগম, আগমুন্দিয়ার ফারহানা বেগম, বলরামপুরের আসমানি দেবনাথ ও রেকসনা বেগম, ভোলপাড়ার ফাতেমা বেগম, হরিগোবিন্দপুরের আসমা বেগম এবং আড়ুয়াশলুয়ার রিজিয়া ও রিনা বেগমকে নির্বাচিত করে সম্মাননা দেওয়া হয়।

জুনিয়র এনপিএল ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

ঝিনাইদহ সদরের অন্তর্গত উত্তর নারায়ণপুর ত্রিমোহনীতে, জুনিয়র এনপিএল এর ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। খেলায় টাইগার সেভেন দলকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে ড্রিম সেভেন দল।

খেলা শেষে চ্যাম্পিয়ন এবং রানার্সআপ ট্রফি তুলে দেন ৩ নং সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শেখ মোঃ মোজাম্মেল হোসেন ও সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ।

এ সময় উপস্থিত ছিলেন, সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মোঃ নাজমুল হক তুর্পি, ৪ নং ওয়ার্ড মেম্বার মোঃ হুশিয়ার রহমান, উত্তর নারায়ণপুর লায়ন্স ক্লাব সভাপতি মোঃ বকুল মিয়া, ইসলামী সমাজ কল্যাণ সংস্থার সভাপতি মোঃ ওমর ফারুকসহ আরও উপস্থিত ছিলেন মোঃ তুহিন মিয়া ও মোঃ সুজন মিয়া।

খেলায় ম্যান অব দ্যা ম্যাচ এবং ম্যান অব দ্যা টুর্নামেন্ট নির্বাচিত হয়েছেন ড্রিম সেভেন দলের দলীয় অধিনায়ক মোঃ শফিকুল ইসলাম।

মেহেরপুরে বেপরোয়া অটো চালকরা

মেহেরপুরে অটো চালকদের অত্যাচারে অতিষ্ট হয়ে পড়েছে বড় বাজারের ব্যবসায়ীরা। ব্যবসা প্রতিষ্ঠানের সামনে ইজিবাইক পার্কিং করে যাত্রী উঠানো নামানো নিত্যদিনের কাজ হয়ে দাঁড়িয়েছে চালকদের। এতে ক্ষতিগ্রস্থ হচ্ছে সেখানকার ব্যবসায়ীরা। নিষেধ করলে ব্যবসায়ীদের বিভিন্ন ধরনের হুমকিও দেওয়া হচ্ছে বলে অভিযোগ করেন কয়েকজন। বিষষটি বার বার পৌরসভাকে অবহিত করেও কোন লাভ হয়নি বলে জানান ব্যবসায়ীরা। মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতি ও অটো ইজিবাইক মালিক সমিতির সাথে বৈঠকে বড় বাজার মোড়ে দুইটি করে অটো রাখার সিদ্ধান্ত হলেও বাস্তবে দেখা যায় বেশ কয়েকটি অটো। ৬.৮০ বর্গমাইলের এই ছোট্ট শহরে দাপিয়ে বেড়াচ্ছে প্রায় ২৮শ অটো বা ইজিবাইক। মেহেরপুর পৌরসভা ৮৬৯ টি ব্যাটারী চালিত গাড়ি শহরে চলার অনুমতি দিলেও বাকি গুলো চলছে সংগঠন ও নিজ ক্ষমতার বলে।

মেহেরপুর বড় বাজারের পারুল সু এন্ড কসমেটিকস ব্যবসায়ী জিয়াউর রহমান জানান, ইজিবাইক গুলো এলোপাতাড়িভাবে যেখানে সেখানে রেখে দেয়। নিষেধ করা হলে বাজে ব্যবহার করে। কিছুদিন আগেও নিষেধ করায় আমার সঙ্গে ঝামেলা সৃষ্টি হয়ছে এমন কি হাতাহাতি পর্যন্ত হয়েছে। এলাকার সমস্ত ব্যবসায়ী তাদের উপর ক্ষিপ্ত।

ইজিবাইক অটো চালক আব্দুল ওহাব ও জয়নাল জানান, কাথুলী বাস স্ট্যান্ডে আমরা দীর্ঘ দিন যাবত এজিবাইক রেখে আসছিলাম কিন্তু মাস তিন আগে জায়গাটি নিয়ে জাইগাটির মালিক দুই ভায়ের মধ্যে পারিবারিক ঝামেলা হওয়ার কারণে কাথুলি বাসস্ট্যান্ড এ আর ইজিবাইক রাখতে দেয় না। তাই আমরা বড় বাজার ব্যবসায়ী সমিতির কমিটির সভাপতি কে বিষয় টি জানালে দুইটা ইজিবাইক রেখে স্ট্যান্ড পরিচালনার অনুমোদন

দিয়েছিল। এমনকি প্রশাসন থেকেও অনুমতি দিয়েছে সেই মোতাবেক আমরা পরিচালনা করছি। একাধিক অটোর কথা জিজ্ঞাসা করলে এই ব্যপারে জানিনা বলেন চালকরা।

অটো ইজিবাইক মালিক সমিতির সভাপতি আনারুল ইসলাম জানান, বিষয়টি আমার জানা নেই। আমি খোঁজ নিয়ে দেখছি। অনিয়ম হলে ব্যবস্থা নেওয়া হবে।

বড় বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি জানান মনিরুজ্জামান দিপু জানান, আমরা দুইটি করে অটো রাখার অনুমোতি দিয়েছি। এর বাইরে রাখলে ব্যবস্থা নেওয়া হবে।

মাস্ক ব্যবহার না করায় কুমারখালীতে ১৩ জনকে জরিমানা

কুষ্টিয়ার কুমারখালীতে স্বাস্থ্যবিধি অমান্য করে মাস্কবিহীন চলাফেরা করায় ১৩ জনকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। মঙ্গলবার সকালে উপজেলার বাসস্ট্যান্ড ও পৌরসভার বিভিন্ন এলাকায় ভ্রাম্যমাণ আদালত অভিযান পরিচালনা করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) এমএ মুহাইমিন আল জিহান।

এ সময় ৮টি মামলায় ১৩ জনকে ৩হাজার ৩০০ টাকা ও ১টি মামলায় ১ জনের ৫০০ টাকা জরিমানা আদায় করা হয়।
উপজেলা সহকারী কমিশনার (ভূমি) এমএ মুহাইমিন আল জিহান জানান, মাস্ক বিহীন চলাফেরা করার অপরাধে দণ্ডবিধির ১৮৬০ এর ২৬৯ ধারায় ১৩ জনের বিরুদ্ধে ৮ টি মামলা দিয়ে ৩৩০০ টাকা ও ১টি মামলায় ১জনের ৫০০টাকা জরিমানা আদায় করা হয়েছে।

কুষ্টিয়ার দৌলতপুরে ট্রলিচাপায় যুবক নিহত

কুষ্টিয়ার দৌলতপুর উপজেলায় ওভারটেক করতে গিয়ে ট্রলিচাপায় মোটরসাইকেল আরোহী যুবক নিহত হয়েছেন। এ সময় আহত হয়েছে এক কিশোর।

মঙ্গলবার সকাল সাড়ে ৯টার দিকে উপজেলার কল্যাণপুর-মাজদিয়াড় সড়কের কল্যাণপুর বাজারের কাছে এ দুর্ঘটনা ঘটে।

নিহত যুবকের নাম মামুন (২২)। তিনি উপজেলার মরিচা ইউনিয়নের মাজদিয়াড় মুন্সিপাড়া গ্রামের মুছহাদ মুন্সির ছেলে।

প্রত্যক্ষদর্শীরা জানান, নিজ বাড়ি থেকে মামুন মোটরসাইকেলে বেপরোয়া গতিতে কল্যাণপুর বাজারের কাছে পৌঁছলে বিপরীত দিকে থেকে আসা একটি ভ্যানকে ওভারটেক করতে গিয়ে শ্যালোইঞ্জিনচালিত ইটবোঝাই ট্রলির তলে চাপা পড়ে।

এতে মামুন ট্রলির চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলেই নিহত হয় এবং ট্রলি নিয়ন্ত্রণ করতে গিয়ে গুরুতর আহত হন ট্রলিচালক শাওন (১৮)। দৌলতপুর থানার ওসি (তদন্ত) শাহাদত হোসেন জানান, ট্রলিচাপায় মোটরসাইকেল চালক মামুন নিহত হয়েছেন। এ সময় আহত হয়েছেন ট্রলিরচালক শাওন। তাকে উদ্ধার করে কুষ্টিয়া হাসপাতালে ভর্তি করা হয়েছে।

নিহত যুবকের মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।